

(একই আরক ও তারিখে প্রতিস্থাপিত)

জেলা পরিষদ

রাজশাহী।

[www.zprajshahi.gov.bd](http://www.zprajshahi.gov.bd)

১২.০৫.২০২৬  
১২.০৫.২০২৬

আরক নং- ৪৬.০০.৮১০০.০০০.৩৬.০০১.২০২৬.২৮৫

তারিখঃ ০৭.০৫.২০২৬ খ্রি।

## এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলা পরিষদ কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা ২০২৫ সালের এসএসসি/সমমান এবং ২০২৫ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলীতে নির্ধারিত ফরমে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### শর্তাবলী :

- আবেদনকারী ছাত্র/ছাত্রী কে অবশ্যই রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- সাধারণ শিক্ষার্থীদের ক্ষেত্রে ২০২৫ সালের এসএসসি/সমমান অথবা ২০২৫ সালের এইচএসসি/সমমান পর্যায়ে জিপিএ ৫.০০ থাকতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা এর সন্তান/প্রতিবন্ধী প্রার্থী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে কমপক্ষে জিপিএ ৪.০০ থাকতে হবে।
- আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তান হলে প্রমাণক হিসেবে আবেদনকারীকে (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবর্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের তারিখ ও নম্বর উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত প্রমাণক উপস্থান করতে হবে, প্রতিবন্ধী প্রার্থীর জন্য সমাজসেবা কার্যালয় থেকে প্রদত্ত সনদের সত্যায়িত কপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর জন্য জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- বৃত্তির আবেদন ফরম জেলা পরিষদ, রাজশাহীর ওয়েবসাইট <https://zprajshahi.gov.bd/zpr/apply> এর মাধ্যমে অনলাইনে পূরণ করতে হবে এবং পূরণকৃত ফর্মের নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে।
- স্বাক্ষরকৃত ফর্মের সাথে আবেদনকারী ছাত্র/ছাত্রীর নিম্নোক্ত কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবে :
  - এসএসসি/সমমান, ২০২৫ অথবা এইচএসসি/সমমান, ২০২৫ পরীক্ষার নম্বরপত্রের (মার্কশীট) ফটোকপি;
  - এসএসসি/সমমান, ২০২৫ অথবা এইচএসসি/সমমান, ২০২৫ পরীক্ষার সনদপত্র (সার্টিফিকেট)/রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশপত্রের ফটোকপি;
  - ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত স্থায়ী নাগরিকত্বের সনদপত্র;
  - পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি;
  - বীর মুক্তিযোদ্ধাগণের সন্তান/প্রতিবন্ধী প্রার্থী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি।
- অনলাইনে পূরণকৃত বৃত্তি ফর্মের (স্বাক্ষরকৃত) সাথে অন্যান্য কাগজ-পত্রাদি সংযুক্ত করে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী বরাবর সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। অনলাইনে আবেদন শুরু তারিখ ১২.০৫.২০২৬ এবং আবেদনের শেষ তারিখ ১৫.০৬.২০২৬ খ্রি।
- আবেদনপত্রে ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে বা অসম্পূর্ণ আবেদনপত্র দাখিল করা হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ উল্লিখিত শর্তসমূহ ছাড়া যে কোনো শর্ত সংযোজন/সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। শিক্ষাবৃত্তি সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য যোগাযোগ: [zprajshahi@gmail.com](mailto:zprajshahi@gmail.com) বা মোবাইল নং ০১৬৩৭-৭৫৭৪২৪/০১৭১৭-০০৮৩৫৯ (সকাল ৯ টা হতে বিকেল ৪ টা)।

উম্মে ফাতেমা

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, রাজশাহী।

ফোন ০৭২১-৭৭৬৩৪৮ (অফিস)


ইমেইল: [zprajshahi@gmail.com](mailto:zprajshahi@gmail.com)

স্মারক নং- ৪৬.০০.৮১০০.০০০.৩৬.০০১.২০২৬.২৮৫

তারিখঃ ০৭.০৫.২০২৬ খ্রি।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
৫. জেলা প্রশাসক, রাজশাহী।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,.....(সকল)।
৭. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৮. সিভিল সার্জন, রাজশাহী।
৯. উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), রাজশাহী।
১০. প্রশাসক, পৌরসভা.....(সকল), রাজশাহী।
১১. জেলা শিখন অফিসার, রাজশাহী।
১২. উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী।
১৩. ...., রাজশাহী।
১৪. সি.এ- টু প্রশাসক, জেলা পরিষদ, রাজশাহী (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. অফিস নোটিশ বোর্ড ও ওয়েবসাইট [www.zprajshahi.gov.bd](http://www.zprajshahi.gov.bd)

  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, রাজশাহী।